

গাজীপুরের বি ও বারিতে জঙ্গিবাদবিরোধী সমাবেশ অনুষ্ঠিত

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে অবস্থিত বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট (বি) এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটে (বারি) জঙ্গিবাদবিরোধী পৃথক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশ দুটিতে প্রতিষ্ঠানে কর্মরত বিজ্ঞানী, কর্মকর্তা ও শ্রমিকরা অংশ নেন। বৃহস্পতিবার সকালে বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট (বি) অডিটরিয়ামে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিক। বক্তব্য রাখেন সাবেক মহাপরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাস, পরিচালক (প্রশাসন) ড. শাহজাহান কবির, পরিচালক (গবেষণা) ড. মো. আনসার আলী, বাংলাদেশ কৃষিবিদ ইন্সটিটিউটের কেন্দ্রীয় মহাসচিব কৃষিবিদ মো. মোবারক আলী, সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক সমীর চন্দ্র চন্দ, ঢাকা মহানগর শাখার সাধারণ সম্পাদক ড. তাসাদ্দিকুর রহমান সনেট, গাজীপুর জেলা শাখার সভাপতি কৃষ্ণপদ হালদার প্রমুখ। বক্তারা বিতে জঙ্গিবাদবিরোধী একটি কমিটি গঠন করার জন্য কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান। এদিকে বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটে (বারি) একই ধরনের সমাবেশ বন্ধেছেন সেখানকার বিজ্ঞানী, কর্মকর্তা ও শ্রমিকরা। কাজী বদরুদ্দোজা অডিটরিয়ামে দুপুরে অনুষ্ঠিত এ সমাবেশে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের মহাপরিচালক ড. রফিকুল ইসলাম মঞ্জিল।